

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৮-০৯-২০২৩

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৪-০৯-২০২৩ থেকে ১৭-০৯-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

১৪ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): রায়গঞ্জ:৬; দীঘা:৫

১৫ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা সক্রিয় ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : হরিণঘাটা:৮; সেবক:৫; আলিপুর, কল্যাণী, মালবাজার:৪

১৬ সেপ্টেম্বর: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : বক্সাদুয়ার:৬; কাঁথি:৫; সবং:৪; দীঘা:২; কাকদ্বীপ, খড়্গপুর:১

১৭ সেপ্টেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে দক্ষিণ পশ্চিম মৌসুমী বর্ষা অবদমিত ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৭৭ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৮ থেকে ৮৮ শতাংশ।

শুষ্ক ও আর্দ্র জলবায়ুর সম্ভবতা (১৭.০৯.২০২৩ থেকে ২৩.০৯.২০২৩ পর্যন্ত) :

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৩৭	৬৩	হাওড়া	৪৪	৫৬
বীরভূম	৩২	৬৮	মুর্শিদাবাদ	৩৩	৬৭
বর্ধমান	৪৭	৫৩	নদীয়া	৩৬	৬৪
হুগলী	৩০	৭০	২৪ পরগনা	৩৫	৬৫
পুরুলিয়া	৪১	৫৯			

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ (১৮ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর অনেক জায়গায়

বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন, ধীরে ধীরে তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস কমবে; পরবর্তী ৩ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

দিন ২ (১৯ সেপ্টেম্বর)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

দিন ৩ (২০ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ (১৮ সেপ্টেম্বর)-

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমী) সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ২ (১৯ সেপ্টেম্বর)-

পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

দিন ৩ (২০ সেপ্টেম্বর)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাতের (০৭-১১ সেমি) সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্মা

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১৮-০৯-২৩